দৈনিক সংবাদ

তারিখ ........
পৃষ্ঠা ৭ কলাম ৪

# সেশনজটে বিপর্যস্ত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সচল করার উদ্যোগ নেয়া হয়েছে

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** রাজনৈতিক অস্থির তার ফলে সৃষ্ট সেশনজামে বিপর্যস্ত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সচল করার লক্ষ্যে চ. বি প্রশাসন গত বৃহস্পতিবার তৃতীয়বারের মতো ছাত্রলীগ নেতৃবৃন্দের সাথে এক বৈঠকে মিলিত হয়। নগরীতে সন্ধ্যা সাতটায় এ বৈঠক শুরু হয় বলে ক্যাম্পাস সূত্রে জানা যায়।

প্রসঙ্গত, গত ৩রা নভেম্বর ছাত্রলীগ নেতৃবৃন্দ চ.বি ক্যাম্পাসে প্রবেশকালে শিবির তাদের ওপর হামলা চালায়। এতে ছাত্রলীগ চ.বি শাখার সভাপতি জিল্লুর রহমান জুয়েল ও সাধারণ সম্পাদক নাসির হায়দার বাবুলসহ প্রায় ১০ জন নেতা-কর্মী আহত হয় বলে ছাত্রলীগ দাবি করে। এছাড়া উল্লিখিত হামলার সাথে জড়িত শিবির ক্যাডারদের গ্রেফতার ও শিবির কর্তৃক দায়েরকৃত মামলাগুলো প্রত্যাহারের দাবিতে ছাত্রলীগ ৪ঠা নভেম্বর হতে ক্যাম্পাসে অনির্দিষ্টকালের অবরোধ কর্মসূচি ঘোষণা করে। ফলে কার্যত অচল হয়ে পড়ে চ. বি ক্যাম্পাস।

এদিকে বর্তমান অচলাবস্থা নিরসনে চ. বি প্রশাসন দু-দুবার ছাত্রলীগ নেতৃবৃন্দের সাথে বৈঠক করেও ফলপ্রসূ কোন সিদ্ধান্তে আসতে পারেনি। এমতাবস্থায় দীর্ঘদিন বন্ধের পর আগামী ১লা জানুয়ারি থেকে চ.বিতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে প্রশাসন ছাত্রলীগ নেতৃবৃন্দের সাথে বৃহস্পতিবার তৃতীয়বারের মতো বৈঠকে বসেছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত (রাত ৯টা) বৈঠক চলছে বলে ক্যাম্পাস সূত্রে জানা যায়।